গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা

## বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের আগস্ট/২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ ইলিয়াস হোসেন<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৮ আগস্ট/২০২৩ |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের আগস্ট/২৩ মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা অবজারভেশন আছে কিনা জানতে চাইলে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারি, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, কার্যবিবরণীর ৩.১ এ উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা থেকে এপিএ'র বাহিরে ১৭ দিনের একটি বহিরংগন কর্মসূচি প্রস্তাব করা হয়েছে উল্লেখ করা হয়েছে কিন্তু এভাবে বললে ভুল ধারণার সৃষ্টি হতে পারে। অতএব এখানে উল্লেখ করা প্রয়োজন যে, প্রস্তাবিত ৬টি উপজেলার শুষ্ক মৌসুমের লবণাক্ততার তথ্য ইতোমধ্যে সংগ্রহ করা হয়েছে এখন একই স্থানের বর্ষা মৌসুমের লবণাক্ততার তথ্য সংগ্রহের জন্য ১৭ দিনের একটি বহিরংগন কর্মসূচি প্রস্তাব করা হয়েছে। সভাপতি এ বিষয়ে অনুমতি প্রদান করেন করেন এবং সংশোধনী গৃহীত হয়। আর কোন মতামত বা অবজারভেশন না থাকায় সর্বসম্মতিতে গত ৩১-০৭-২০২৩ তারিখে অনুষ্ঠিত জুলাই/২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ৩১ ০৭-২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| | **ভূবিজ্ঞান সংক্রান্ত** | | |
| ৩.১। | ২০২৩-২০২৪ অর্থবছরের বহিরংগন সম্পর্কিত আলোচনায় জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখাপ্রধান, অপারেশন ও সমন্বয় বলেন, জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে বহিরংগন কর্মসূচিগুলো নিয়ে আলোচনা করা হয় এবং খনন কার্যক্রমসহ ০৯টি বহিরংগন কর্মসূচি এপিএ'তে অন্তর্ভূক্ত করে বাস্তবায়নের জন্য সম্ভাব্য সময় নির্ধারণ করা হয়। এছাড়াও এপিএ'র বাহিরে প্রয়োজন সাপেক্ষে কয়েকটি বহিরংগন কাজ বিবেচনায় রাখা হয়। অতঃপর তিনি বলেন, এ বছর গাড়ির অপ্রতুলতা এবং জ্বালানি সাশ্রয়ের কথা বিবেচনা করে বহিরংগন কাজের বাহিরে শাখা প্রধানদের বহিরংগন পরিদর্শনের সময় গাড়ি সরবরাহ করা সম্ভব হবে না। | বহিরংগন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |

| | | | |
|---|---|---|---|
| ৩.২। | ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ সংক্রান্ত আলোচনায় পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, গবেষণা প্রস্তাবে অনুমোদনের কার্যক্রম এবং গবেষণার নীতিমালা বিষয়ে নতুন কমিটি গঠন করা হয়েছে। উক্ত বিষয়ে কমিটির সভাপতি জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন কমিটি ইতোমধ্যে কয়েকটি সভা করেছে। সভায় যতদ্রুত সম্ভব গবেষকদের কাছ থেকে প্রস্তাব আহবান করা, গবেষণার বিষয় অনুমোদনের পর তারা যেন যথেষ্ট সময় পায় সেটা নিশ্চিত করা এবং গবেষণার কাজ পর্যবেক্ষণসহ এ খাতে বরাদ্দ অর্থের সঠিক ব্যয় নিশ্চিত করা নিয়ে আলোচনা ও কর্মপন্থা ঠিক করা হয়েছে। এছাড়াও এ বিষয়ে একটি কর্মশালা সম্পন্ন করা হয়েছে। আশা করা যাচ্ছে যে, এবার জিএসবি'র অভ্যন্তরীণ গবেষণা সঠিকভাবে সম্পন্ন করা সম্ভব হবে। সভাপতি অধিক সংখ্যক প্রস্তাবের ক্ষেত্রে গুরুত্ব, যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা বিবেচনা করে প্রস্তাব বাছাই করার নির্দেশনা প্রদান করেন। | ক) জিএসবি'র অভ্যন্তরীণ গবেষণা সঠিকভাবে সম্পন্ন করতে হবে।<br>খ) চলমান অর্থবছরের এপিএ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | এপিএটিমসহ সংশ্লিষ্ট সকল শাখা ও কমিটি |
| **প্রশাসনিক আলোচনা** | | | |
| ৩.৩। | নিয়োগ সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, বিপিএসসি কর্তৃক সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সহকারী পরিচালক (ভূপদার্থ) পদে সুপারিশকৃতদের ভেরিফিকেশন কাজ প্রায় শেষের দিকে। তিনি বলেন, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের নিয়োগ ও পদোন্নোতি সংক্রান্ত কমিটি পুনর্গঠন করে তাকে পুণরায় দায়িত্ব দেয়া হয়েছে। কমিটি ইতোমধ্যে একট সভা করেছে এবং ৪ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করেছে। তিনি বলেন আরও কিছু পদে পদোন্নতি প্রদান করতে হবে তবে সেখানে কম্পিউটার বিষয়ক গতির পরীক্ষা গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। এ লক্ষে কমিটির সাথে আলোচনাপূর্ক কম্পিউটার গতি বিষয়ক প্রাকটিক্যাল পরীক্ষা গ্রহণের জন্য বহিঃসদস্য নির্বাচন ও পরীক্ষার তারিখ নির্ধারণ করা হবে। এই পদোন্নতি সম্পন্ন হলে সৃষ্ট শূন্য পদগুলোর ছাড়পত্র নিয়ে নতুন নিয়োগের জন্য সরকারী বিধি মোতাবেক সার্কুলারের উদ্যোগ গ্রহণ করা হবে। | ক)কর্মকর্তাদের যোগদান প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>খ) ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের নতুন নিয়োগের সার্কুলার প্রদান করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| **বিবিধ আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৪ | প্রকল্প বিষয়ক আলোচনায় পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন জার্মানদের সাথে Geo-Information for the Implementation of Climate Change-Resilient Urbanization (GICU) প্রকল্পের বিষয়ে বলেন, এটা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব, জনাব মোঃ হাসানুজ্জামান কিছু সংশোধনী দিয়েছিলেন এবং সে মোতাবেক সংশোধন করে টিএপিপি গতকাল মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। জনাব মোঃ হাসানুজ্জামান, উপসচিব রিপোর্টটি এখন পরিকল্পনা কমিশনে প্রেরণ করবেন বলে জানিয়েছেন।<br>খনন প্রকৌশল শাখার প্রকল্পের বিষয়ে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, জনাব মোঃ মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) জানিয়েছেন যে, তারা পরিকল্পনা কমিশনে খোঁজ নিয়ে জানতে পেরেছেন প্রকল্পটির পিইসি সভা ডাকার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, সিলেটের গোয়াইনঘাটে জিওহেরিটেজের জন্য প্রথম পর্যায়ের অধিগ্রহণকৃত ১০ একর জমিতে স্থাপনা নির্মাণের লক্ষে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রণয়নের জন্য চিঠি প্রেরণ করা হয়েছিল। স্থাপত্য অধিদপ্তর জানিয়েছে যে, নকশা প্রণয়নের জন্য পিডব্লিউডি (PWD)-কে দিয়ে একটি টপোগ্রাফিক নকশা প্রস্তুত করতে হবে। জনাব মো: মিজানুর রহমান পরিচালক (ভূতত্ত্ব) এখন সিলেটে আবস্থান করছেন, পিডব্লিউডি (PWD) কর্তৃক টপোগ্রাফিক নকশা প্রস্তুত করে পাঠানো হলে স্থা্পত্য অধিদপ্তর স্থাপত্য বিষয়ক নকশা প্রণয়ন করে পাঠাবে। অতঃপর জিওহেরিটেজের নকশা সংযুক্ত সহকারে ডিপিপি প্রণয়ন করে জমা দেয়া হবে।<br><br>এছাড়াও জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) তাঁর প্রকল্পটি টিপিপি আকারে এখনও জমা দেননি এবং একটি উপস্থাপনা দেয়ার কথা ছিল তা এখনও প্রদান করেন নি। | ক) জার্মানদের সাথে আসন্ন প্রকল্পের টিএপিপি অনুমোদর প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br><br>খ) স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রণয়নের কাজ সম্পন্ন করতে হবে।<br><br>গ) জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) প্রকল্পটি জমা ও এ বিষয়ে একটি উপস্থাপনা দিবেন। | প্রকল্প সংশ্লিষ্ট শাখাসমূহ। |

৪. সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ ইলিয়াস হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.undefined

তারিখ: ২ আশ্বিন ১৪৩০
১৭ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২) জিএসবি'র শাখা প্রধানগণ

৩) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) ঊর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা , হিসাব উপশাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

মোঃ কামরুল আহসান
পরিচালক (ভূতত্ত্ব)